# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 MARCH 2025 7:45—7:55 PM IST**

============================================================

১) আসামের প্রতিবেশী রাজ্য মেঘালয় ও অরুণাচল প্রদেশের সঙ্গে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী জমি জরিপের কাজ অব্যাহত রয়েছে বলে বিধানসভায় মন্ত্রী অতুল বরার প্রকাশ।

২) আঞ্চলিক রাজভাষা সম্মেলনে ভাষার গুরুত্বের বিষয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার আলোকপাত।

৩) কেন্দ্রীয় পঞ্চায়েতিরাজ প্রতিমন্ত্রী অধ্যাপক এসপি বাঘেল এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেলের আজ নতুন দিল্লিতে পঞ্চায়েতিরাজ আদর্শ মহিলা বান্ধব উদ্যোমের উদ্বোধন।

এবং

৪) চতুর্থ জাপান - উত্তরপূর্বাঞ্চল বহনক্ষম প্রযুক্তি সম্মেলনের অংশ হিসেবে আজ জাপানের একটি প্রতিনিধি দলের গৌহাটি বিশ্ববিদ্যালয় পরিদর্শন।

------------------------------------------------------------------------

রাজ্য সরকার প্রতিবেশী রাজ্যগুলোর সঙ্গে দীর্ঘদিনের সীমা বিবাদ নিষ্পত্তি করা সহ দখল করা এলাকা সমুহ বেদখল করার জন্য অব্যাহত থাকা আলোচনা প্রক্রিয়া অন্তিম পর্যায়ে রয়েছে । আজ আসাম বিধানসভায় কংগ্রেস দলের বিধায়ক রেকিব উদ্দিন আহমেদের এক প্রশ্নের উত্তরে সীমান্ত সুরক্ষা এবং উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা একথা জানান ।তিনি বলেন যে আসাম মেঘালয় এবং আসাম অরুণাচল প্রদেশের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ি ভারতীয় জরীপ বিভাগ বর্তমানে জমি জরীপের কাজ করছে এবং এই কাজ সম্পূর্ণ হওয়ার পর জমির সম্পূর্ণ তথ্য পাওয়া যাবে ।মন্ত্রী শ্রী বরা আরো জানান যে আসাম মেঘালয়ের মধ্যে ১২ টি এলাকায় সীমা বিবাদ রয়েছে ।এই ১২ টি এলাকার মধ্যে প্রথম পর্যায়ে ৬ টি অঞ্চলের জন্য তিনটি করে আঞ্চলিক কমিটি গঠন করা হয়েছে ।উভয় রাজ্যের আঞ্চলিক কমিটিগুলো সীমান্ত এলাকা যৌথভাবে পরিদর্শন এবং স্থানীয় লোকেদের সঙ্গে আলোচনা করে পারস্পরিক মত বিনিময় করে নিজ নিজ সরকারের কাছে প্রতিবেদন দাখিল করেছে ।সেই অনুযায়ি উভয় রাজ্য সরকারের যৌথ সিদ্ধান্তে আন্তরাজ্য সীমা বিবাদ নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

---

এদিকে বিধায়ক রমেন্দ্র নারায়ন কলিতার এক প্রশ্নের উত্তরে আসাম চুক্তি রুপান মন্ত্রী অতুল বরা জানান যে সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন বিভাগ থেকে লাভ করা তথ্য অনুযায়ী ভারত বাংলাদেশ সীমান্তের ২৬৭ দশমিক ৫ কিলোমিটার দীর্ঘ অঞ্চল ধুবরী , দক্ষিণ শালমারা মানকাচর ও শ্রীভূমি জেলার সংগে সংলগ্ন রয়েছে ।এই সীমান্ত অঞ্চলের ২২৮ কিলোমিটারের ও বেশী এলাকায় কাটাতারের বেরা তৈরী করা হয়েছে ও বাকী অংশ নদী অঞ্চল হোয়ায় বেরা তৈরী করা সম্ভব হয়নি । শ্রী ভূমি জেলার কুচিয়ারা নদীর পারে ভারতীয় লোকের বসতি থাকা সাড়ে চার কিলোমিটার অংশে বাংলাদেশের সীমান্ত সুরক্ষা বাহিনী আপত্তি করার জন্য বেরা তৈরী করা যায়নি বলে মন্ত্রী শ্রী বরা জানান ।অবশ্য নদী অঞ্চলগুলিতে সীমান্ত সুরক্ষা বাহিনী সর্বাত্মক সুসংহত সীমান্ত ব্যবস্থাপনা ও নৌকা পর্যবেক্ষণ চৌকি স্থাপন করে জলভাগ নিরীক্ষণ করছে বলে মন্ত্রী সভায় জানান ।

এদিকে আসাম চুক্তির ৬ নম্বর দফা রুপায়নের জন্য অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মার পৌরহিত্যে গঠিত সমিতির প্রদান করা ৬৭ টি পরামর্শের মধ্যে ৫২ টি রুপায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে উল্লেখ করে মন্ত্রী এর জন্য বৈঠক করে কার্যপরিকল্পনার রুপরেখা তৈরী করা হয়েছে বলে জানান ।

---

ভাষা সংস্কৃতিকে প্রতিনিধিত্ব করে । স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের রাজভাষা বিভাগের উদ্যোগে আজ গৌহাটীর সোণাপুরে আয়োজিত  পূর্ব ও উত্তরপূর্বাঞ্চলের যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনে ভাষন দেবার সময় মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা একথা বলেন । মুখ্যমন্ত্রী বলেন যে হিন্দী ভাষা আসামের জনসাধারণের পরিচিত ভাষা ও এই ভাষা আলংকরিক হোয়ার পরিবর্তে সহজে বোধগম্য  হোয়া উচিত । কেন্দ্রীয় সরকারের কার্যালয় ছাড়া রাজ্য সরকারের কার্যালয়গুলিতে ও হিন্দী ভাষার ওপর কার্যসূচী রুপায়ন করা দরকার বলে তিনি পরামর্শ প্রদান করেন । সম্মেলনে অংশ গ্রহণ করে  কেন্দ্রীয় স্বরাষ্ট প্রতিমন্ত্রী নিত্যানন্দ রায় বলেন যে ভাষা সংস্কৃতি একটি রাষ্ট্রের আত্মা  ও পরিচয় স্বরুপ । তিনি জনসাধারণের যোগাযোগের জন্য অন্য ভারতীয় ভাষার সংগে হিন্দী ভাষা ও ব্যবহার করা উচিত বলে মন্তব্য করেন । রাজ্য সরকারের কার্যালয়গুলিতে রাজ্যের সরকারী ভাষার সংগে হিন্দী ভাষা ও প্রয়োগ করা উচিত বলে কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন ।

---

কেন্দ্রীয় পঞ্চায়েতিরাজ দপ্তরের প্রতিমন্ত্রী অধ্যাপক এসপি  সিং বাঘেল এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল আজ নতুনদিল্লীতে আয়োজিত এক জাতীয় অভিবর্তনে পঞ্চায়েতিরাজ মন্ত্রনালয়ের আদর্শ মহিলা বান্ধব গ্রাম পঞ্চায়েত উদ্যমের উদ্বোধন করেন । আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের অংশ হিসেবে মন্ত্রনালয়ের উদ্যোগে এই উদ্যমের সূচনা করা হয়েছে ।এই উদ্যমের মূল উদ্দেশ্য হচ্ছে দেশের প্রত্যেকটি জেলায় অন্তত একটি করে আদর্শ মহিলা বান্ধব গ্রাম পঞ্চায়েত স্থাপন করা ।এই উদ্যম লিংগ সংবেদনশীলতা এবং কন্যাদের অনুকূল শাসন প্রথার জন্য আশার সঞ্চার করবে ।এক দিবসীয় এই অভিবর্তনে বিভিন্ন মন্ত্রনালয় , বিভাগ এবং রাষ্ট্রসংঘের জনসংখ্যা কোষের মতো আন্তর্জাতিক সংস্থাগুলি অংশগ্রহণ করেছে ।

---

রাজ্য সরকারের স্বনির্ভর নারী প্রকল্পের অধীনে বিগত বছরের মতো এবারো বয়নশিল্পীদের কাছ থেকে পোশাক ক্রয় করার প্রক্রিয়া আরম্ভ করা হয়েছে ।এর জন্য রাজ্যের বিভিন্ন জেলায় ২৯ টি ক্রয়কেন্দ্র স্থাপন করা হয়েছে ।এই প্রকল্পের অধীনে জেলা এবং মহকুমা পর্যায়ে স্থাপন করা অস্থায়ী ক্রয়কেন্দ্রের মাধ্যমে বয়নশিল্পী তথা শিল্পপতিরা নিজেদের সামগ্রী বিক্রী করতে পারবেন ।এই প্রকল্পের অধীনে এপর্যন্ত ৫ লক্ষ ৬৪ হাজার ৮১১ জন বয়নশিল্পী নাম পঞ্জীয়ন করেছে । ইতিমধ্যে ১৯ কোটি টাকারও বেশী মূল্যের ৫ লক্ষ ৫৪ হাজার ৮৯২ ধরণের পরম্পরাগত পশাক ক্রয় করে

আর্টফেড এবং আসাম সরকারের ক্রয় বিক্রয় নিগমের মাধ্যমে বিক্রীর ব্যবস্থা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

চতুর্থ জাপান উত্তরপূর্বাঞ্চল বহনক্ষম প্রযুক্তি সহযোগীতা সম্মেলনের অংশ হিসেবে আজ জাপানের বিশ্ববিদ্যালয় , উদ্যোগ ,সরকারী প্রতিষ্ঠান ও জাপানের দূতাবাসের প্রতিনিধিদলের একটি ১৮ জনের দল গৌহাটী বিশ্ববিদ্যালয় পরিদর্শন করে । আই আই টি গৌহাটী ও জাপানের জিফু বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠান উত্তরপূর্বাঞ্চল ও জাপানের মধ্যে শৈক্ষিক ও উদ্যোগিক সম্পর্ক শক্তিশালী করে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা গ্রহণ করবে বলে আশা করা হচ্চে ।অনুষ্ঠানে উত্তরপূর্বাঞ্চলের পরিবর্তিত পরিবেশের সংগে বহনক্ষম অর্থনৈতিক উন্নয়নের জন্য আর্ন্তজাতিক সহযোগীতার গুরুত্বের বিষয়ে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় অসম মালা প্রকল্পের অধীনে জেলায় প্রায় ৩১ কিলোমিটার সড়ক আধুনিকীকরনের কাজ দ্রুত গতিতে চলছে । জেলার প্রায় ২৫টি গ্রামের মধ্য দিয়ে অসম মালার কাজ এগিয়ে চলেছে এবং এর জন্য সরকার প্রায় ১৫০ কোটী টাকা ব্যয় করছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে অসম মালার অধীনে কাটাখাল নদীর উপর একটি সেতু নির্মানের কাজও দ্রুত গতিতে এগিয়ে চলছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় আজ হাইলাকান্দি শহরের নিকটবর্তী সরসপুর অঞ্চলে অসম মালার কাজ পরিদর্শন করে জানান যে ২০২৬ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে এই কাজ শেষ হয়ে যাবে । ইতিমধ্যে জমি অধিগ্রহন ও ক্ষতিপূরন প্রদানের কাজ শেষ হয়েছে বলে শ্রী রায় জানান ।তিনি আরো বলেন যে -------

বাইট

---------------------------------------------------------------------------------------

আসাম সহ উত্তরপূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে আজ সকাল প্রায় ১১ টা ৬ মিনিটে ভূমিকম্প অনুভূত হয়েছে । রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৫ দশমিক ৭ । ভূমিকম্পের উৎস্য স্থল ছিল মণিপুরের সংদাং থেকে ২৯ কিলোমিটার ভেতরে ।তবে এই ভুমিকম্পের ফলে কোনধরণের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয় এলাকায় বন্য প্রাণীদের কোনধরণের খাবার খাওয়ানোর ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এখবর জানিয়ে বলা হয়েছে যে বন্য প্রাণীদের সুরক্ষা সুনিশ্চিত করতে এই নির্দেশ জারি করা হয়েছে ।

নির্দেশ অমান্য করলে বন্য প্রাণী সুরক্ষা আইন ১৯৭২ এর অধীনে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

অল ইন্ডিয়া ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের উদ্যোগে বিদুতের বেসরকারীকরন ও স্মার্ট মিটার প্রতিস্থাপনের প্রতিবাদে আজ নতুন দিল্লীর সাহ প্রেক্ষাগৃহে  দেশের ২৪ট রাজ্যের গ্রাহকদের উপস্থিতিতে জাতীয় অভিবর্তন অনুষ্ঠিত হয়েছে । সংগঠনের সর্ব ভারতীয় সভাপতি স্বপন ঘোষের পৌরহিত্যে আয়োজিত সভায় অল ইন্ডিয়া পাওয়ার ইঞ্জিনিয়ার ফেডারেশনের অধ্যক্ষ শৈলেন্দ্র নাথ দুবে বিদ্যুত ক্ষেত্রকে বেসরকারীকরনের হাতে তুলে দেওয়ার তীব্র বিরোধিতা করেন । জাতীয় অভিবর্তনে আসাম থেকে প্রায় দু্শ প্রতিনিধি অংশ নিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------